


প্রশিক্ষণার্থী ভর্তি বিজ্ঞপ্তি

এতদ্বারা সর্ব সাধারণের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয়ধীন জাতীয় মহিলা সংস্থা, খুলনা জেলা কার্যালয়ে শিক্ষিত, অর্ধশিক্ষিত, বেকার, দরিদ্র, দুঃস্থ বিত্তহীন মহিলাদের (সেলাই ও এমব্রয়ডারী) প্রশিক্ষণের জন্য আগামী ২০২৬-২০২৭ ইং অর্থ বছরের জুলাই/২০২৬ থেকে অক্টোবর/২০২৬ ইং পর্যন্ত চার মাস মেয়াদী অস্থায়ী ভিত্তিতে ৩০ জন মহিলা প্রশিক্ষণার্থী ভর্তির লক্ষ্যে নিম্নোক্ত শর্ত সাপেক্ষে আবেদন পত্র আহবান করা যাচ্ছে।

ক্রমিক নং	প্রশিক্ষণের নাম	আসন সংখ্যা	মেয়াদ	বয়স	শিক্ষাগত যোগ্যতা
০১	সেলাই ও এমব্রয়ডারী	৩০ (ত্রিশ) জন	৪ (চার) মাস	১৮-৪৫	৮ম শ্রেণী

শর্তাবলী সমূহ নিম্নরূপ

- আবেদনকারীর বয়স কমপক্ষে ১৮ বছর থেকে ৪৫ বছর হতে হবে।
- আবেদনকারীর শিক্ষাগত যোগ্যতা কমপক্ষে ৮ম শ্রেণী হতে হবে।
- ভর্তি ফরম জমা দেওয়ার সময় আবেদনকারীকে ২ (দুই) কপি সদ্যতোলা পাসপোর্ট সাইজের সত্যায়িত ছবি সংযুক্ত করতে হবে।
- অত্র দপ্তর হতে ছাপানো নির্ধারিত ফরমে আবেদন করতে হবে।
- নির্বাচনী বোর্ডের দ্বারা সাক্ষাৎকার গ্রহণের মাধ্যমে প্রশিক্ষণার্থী নির্বাচন করা হবে।
- শিক্ষাগত যোগ্যতার সনদ, স্থানীয় ইউপি চেয়ারম্যান/ওয়ার্ড কমিশনার এর নিকট থেকে নাগরিকত্বের সনদ, এবং জন্মনিবন্ধন/ভোটার আইডি কার্ডের সত্যায়িত অনুলিপি জমা দিতে হবে।
- প্রশিক্ষণ কোর্সের মেয়াদ ৪ (চার) মাস। প্রতি শিফটে ১৫ জন করে দুই শিফটে মোট ৩০ (ত্রিশ) জন প্রশিক্ষণার্থীকে প্রশিক্ষণ দেয়া হবে।
- প্রথম শিফট সকাল ৯.৩০ মিনিট থেকে দুপুর ১২.৩০ মিনিট পর্যন্ত এবং দ্বিতীয় শিফট দুপুর ১.০০ টা থেকে বিকাল ৪.০০ টা পর্যন্ত।
- সপ্তাহে ৫ (পাঁচ) দিন ক্লাস হবে। সাপ্তাহিক ছুটি এবং সরকারী ছুটির দিনে ক্লাস বন্ধ থাকবে।
- প্রশিক্ষণ চলাকালীন সময়ে প্রশিক্ষণার্থী নিয়ম শৃংখলার পরিপন্থি কোন কাজ করলে তার ভর্তি বাতিল করা হবে।
- দুঃস্থ, অসহায়, স্বামী পরিত্যক্তা মহিলাদের বিশেষ অগ্রাধিকার দেওয়া হবে।
- দরিদ্র, বিত্তহীন, অসহায় ও অবহেলিত মহিলাদের উৎপাদন মুখী ও কর্মক্ষম করে গড়ে তোলার লক্ষ্যে বিনা মূল্যে দক্ষতা উন্নয়ন প্রশিক্ষণ প্রদান করা হয়।
- প্রশিক্ষণার্থীদের উপস্থিতির দিন অনুযায়ী ১০০/- (একশত) টাকা হারে ভাতা প্রশিক্ষণ শেষে ডাক বিভাগের “নগদ” মোবাইল ব্যাংকিং এর মাধ্যমে প্রদান করা হবে।
- ফরম জমা দেয়ার শেষ তারিখঃ- ২৩/০৬/২০২৬ ইং তারিখ বিকাল ৪:৪০ টা পর্যন্ত।
- সাক্ষাৎকার গ্রহণের তারিখঃ- ২৫/০৬/২০২৬ সময়ঃ- সকাল ১০.০০ ঘটিকায়।
- আবেদনকারীকে কোন প্রকার টি, এ/ডি এ প্রদান করা হবে না।
- প্রশিক্ষণার্থী নির্বাচন/ভর্তির বিষয়ে কর্তৃপক্ষের সিদ্ধান্ত চূড়ান্ত বলে বিবেচিত হবে।




নূর মোহাম্মদ
জেলা নির্বাহী অফিসার
জাতীয় মহিলা সংস্থা, খুলনা

তারিখঃ ০৩/০৬/২০২৬ ইং

স্মারক নং ৩২.০২.৪৭০০.০০০.১৮.০০১.২১- ১৬

সদয় অবগতি ও বহুল প্রচারের জন্য অনুলিপি প্রেরণ করা হলোঃ-

- নির্বাহী পরিচালক, জাতীয় মহিলা সংস্থা, ১৪৫ নিউ বেইলী রোড, ঢাকা
- জেলা প্রশাসক খুলনা
- মহিলা বিষয়ক অধিদপ্তর খুলনা
- অফিস কপি



নূর মোহাম্মদ
জেলা নির্বাহী অফিসার
জাতীয় মহিলা সংস্থা, খুলনা